

চট্টগ্রাম কাস্টমস্ এজেন্টস্ এসোসিয়েশন

CHATTOGRAM CUSTOMS AGENTS ASSOCIATION

সি এন্ড এফ টাওয়ার (১৪তম তলা), ১৭১২, শেখ মুজিব রোড, আছাবাদ বা/এ, ডবলমুরিং, চট্টগ্রাম-৪১০০

প্রচার পত্র নং - ৫৯/২০২৩

তারিখ: ০৯/১০/২০২৩ খ্রি:

সম্মানিত সদস্যবৃন্দের প্রতি,

জরুরী বিজ্ঞপ্তি

৩১ ডিসেম্বর ২০২৩ খ্রি: তারিখে মেয়াদ উত্তীর্ণ কাস্টমস এজেন্ট (সি এন্ড এফ এজেন্ট) লাইসেন্স নবায়ন সংক্রান্ত

সম্মানিত সদস্যদের অবগতির জন্য জানানো যাচ্ছে যে, কাস্টমস এজেন্টস (লাইসেন্সিং) বিধিমালা-২০২০ এর বিধি-১৫ অনুযায়ী যে সকল কাস্টমস এজেন্ট (সি এন্ড এফ এজেন্ট) লাইসেন্স আগামী ৩১ ডিসেম্বর ২০২৩ খ্রি: তারিখে মেয়াদ উত্তীর্ণ হবে, সে সকল সি এন্ড এফ এজেন্টদেরকে লাইসেন্সের মেয়াদ অতিক্রান্ত হওয়ার ৪৫ (পঁয়তাল্লিশ) কার্যদিবস পূর্বে অর্থাৎ আগামী ২৬/১০/২০২৩ খ্রি: তারিখের মধ্যে লাইসেন্স নবায়নের আবেদন কাস্টম হাউস, চট্টগ্রাম এর লাইসেন্স শাখায় দাখিল করতে হবে। লাইসেন্সিং কর্তৃপক্ষ, কাস্টম হাউস, চট্টগ্রাম কর্তৃক কাস্টমস এজেন্টস লাইসেন্স নবায়ন সংক্রান্ত গণ বিজ্ঞপ্তি নং-০১, তারিখ: ১৭/০৮/২০২৩ খ্রি. জারী করা হয়। যা প্রচার পত্র নং-৪৯/২০২৩, তারিখ: ২১/০৮/২০২৩ খ্রি. এর মাধ্যমে সম্মানিত সদস্যদের নিকট প্রেরণ করা হয়েছে।

উক্ত সময়ের মধ্যে লাইসেন্স নবায়নের আবেদন দাখিল করা না হলে, লাইসেন্সিং কর্তৃপক্ষ কাস্টমস এজেন্টস লাইসেন্সিং বিধিমালা-২০২০ এর বিধি-২৩(২)(ক) অনুযায়ী সংশ্লিষ্ট সি এন্ড এফ এজেন্ট এর উপর অর্থদণ্ড আরোপ করতে পারবে।

এমতাবস্থায়, সি এন্ড এফ এজেন্ট লাইসেন্স নবায়নের আবেদন বিলম্বে দাখিলজনিত কারণে অর্থদণ্ড বা জরিমানা এড়াতে আগামী ২৬/১০/২০২৩ খ্রি: তারিখের মধ্যে লাইসেন্স নবায়নের আবেদন কাস্টম হাউস, চট্টগ্রাম এর লাইসেন্স শাখায় দাখিলের জন্য বিশেষভাবে অনুরোধ করা হলো।

ধন্যবাদান্তে,



কাজী মাহমুদ ইমাম (বিলু)

সাধারণ সম্পাদক